JAN. 04 2002

JAN. 04 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ১০ কলাম ১

যতই হোক ক্লেশ যুবরাই গড়

যুব মেলা ২০০১ : আত্মকর্মীদে

পহেলা জানুয়ারি ২০০২ শুরু হয়েছে যুব উন্নয়ন অধিদপ্তরের ১০ দিনব্যাপী যুবমেলা। ইতোমধ্যেই মেলার সাতদিন অতিবাহিত হয়েছে। মেলায় আগত তরুণ তরুণীদের ভিড় ক্রমশই মেলাপ্রাঙ্গণ জমজমাট হয়ে উঠেছে। জাতীয় উন্নয়নের মূল স্রোতধারার সাথে সম্পৃক্তকরণের জন্য ১৫-৩০ বছর বয়সী যুবক ও যুব মহিলাদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিয়ে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাই যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান লক্ষ্য। আত্মকর্মী যুবকদের উৎপাদিত দ্রব্যাদির সাথে পরিচয় ঘটানো, বাজারজাতকরণে সুযোগ সৃষ্টিসহ বেকার যুবকদেরকে আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করাই মেলার মূল উদ্দেশ্য।

যুব উন্নয়ন অধিদপ্তরের এ মেলার টাইটেল প্রদান করা হয় ফার্স্ট সিকিউরিটি ব্যাংকের নামে। ৫ বছর সরকারের পক্ষ থেকে এ মেলার অর্থ বরাদ্দ দেয়া হয় ১ লাখ ৩৫ হাজার টাকা। ফার্স্ট সিকিউরিটি ব্যাংকের স্পন্সর বহন মিডিয়া কমিউনিকেশন মেলার ডেকোরেশন করে। গেইটের টিকেটের দায়িত্বও বহনের।

অধিকসংখ্যক আত্মকর্মী যুব ও যুব মহিলার মেলায় অংশগ্রহণের আগ্রহের পরিপ্রেক্ষিতে স্টল সংখ্যা গত বছরের ১৪০টি থেকে বৃদ্ধি করে এ বছর ১৫০টি মেলার ব্যবস্থা করা হয়েছে। এর মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তরসহ অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের ২১টি, পোশাকের ৬৩টি, হস্তশিল্পের ২৬টি, খাবারের ৮টি, বিবিধ ৩০টি এবং যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মরত বিদেশী স্বেচ্ছাসেবীদের ১টি স্টল।

মেলাপ্রাঙ্গণে প্রতিদিন চলছে সাংস্কৃতিক অনুষ্ঠান। মেলা চলাকালীন সময়ে মেলায় অংশগ্রহণকারী যুবক/ যুব মহিলা এবং অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে গত ৫ ও ৬ জানুয়ারি প্রতিদিন সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত স্পোর্ট, পোশাক তৈরী, ব্লক ও বাটিক প্রিন্টিং এবং দোকানের অভ্যন্তরীণ সাজসজ্জার উপর বিশেষ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

যুব মেলা ২০০১-এর মোট স্টল সংখ্যা ছিল ১৪০টি। এর মধ্যে বিভিন্ন সরকারী, আধা সরকারী ও বাছাইকৃত প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ১২টি এবং আত্মকর্মী যুবদের স্টল সংখ্যা ছিল ১২৮টি। মেলায় মোট দর্শনার্থীর সংখ্যা ছিল ৯৮,৪১৩ জন এবং যুব ও যুব মহিলাদের উৎপাদিত পণ্যের বিক্রির পরিমাণ ছিল ৫৩,৮৪,৩২৬ টাকা।

মেলায় অংশগ্রহণকারী আত্মকর্মী যুবদের উৎপাদিত পণ্যের স্টলগুলোর মধ্যে সুরভী, উদ্যোগী, সুলতানা বুটিক, ক্রিয়েটিভ, স্পিরিট বাংলাদেশ, মহিলা উন্নয়ন সমিতি, কুষ্টিয়া, জিলা সমাজকল্যাণ সমিতি, সকল মহিলা সংস্থা, জামালপুর, দুলা হস্তশিল্প, ছোমা, তাহারাত বুটিক, শিফন বিপণিকেন্দ্র এবং পণ্য সামগ্রী বেশ সুনাম অর্জন করেছে।

যুব মেলা ২০০১ গত হিসেবের হওয়ায় কথা থাকলেও বেচা-কেনার কারণে মেলার সময় পিছিয়ে আনা হয় ২০০২ এর ১ জানুয়ারী।

যুবমেলা ২০০১ জমে উঠেছে স্টলগুলোতে আগ্রহী দর্শকদের ভিড়

যুবমেলার একটি স্টলে হস্তশিল্পের গহনা

হাতে তৈরী পোশাক আগ্রহ করে দেখছেন দর্শনার্থীরা



যুবমেলা ২০০১ এ সফল যুবক

যুবমেলা ২০০১-এ সফল যুবক যুব মহিলা

যতই হোক ক্লেশ, যুবরাই গড়বে দেশ- এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখেই অন্যান্য বছরের ন্যায় এ বছরও বাংলাদেশে জাতীয় যুব দিবস-২০০১ উদযাপিত হচ্ছে।

এ বছরের যুব মেলাও যেমন বটমূলে বিভিন্ন উদ্যোক্তা যুবক, যুব মহিলা ও যুব সংগঠনগুলোর অংশগ্রহণে চলছে ভালই। ঢাকাসহ দেশ-বিদেশের তরুণ-তরুণীরা মেলা পরিদর্শন করতে এসে আত্মকর্মসংস্থানী হওয়ার অভিজ্ঞতা লাভ করছে। অনেক বেকার শিক্ষিত তরুণই ভিড় করছে যুব সংগঠন ও সফল যুবক ও যুব মহিলাদের স্টলের সামনে। একই বিভিন্ন অনুভব হলেও নিজেদের সফলতার পূর্বের কষ্ট ও কথা [illegible] বলছেন অনেকেই। ঢাকা বিশ্ববিদ্যালয় সহকারী যুব মেলা ২০০১-এ অংশগ্রহণকারী ছেলেরাজার পলকে পেশায় পরিণত করতে সাতক ডিগ্রী লাভের পর আত্মকর্মসংস্থানের জন্য হস্তশিল্পকে পেশা হিসেবে নির্বাচন করেন। দক্ষতা অর্জনের জন্য '৯৭ সালে ঢাকার মোহাম্মদপুর যুব সুমন্ত্রা হাতি ক্রাফট ট্রেনিং সেন্টারের সভাপতি বাবী হোসেন উদ্দিন ৭০ নং স্টলটি নিয়ে যুব মেলা-২০০১-এ অংশগ্রহণ করেন। বর্তমানে তার বয়স ৩২ বছর। কাজের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ সরকার একে জাতীয় যুব পুরস্কার-২০০০-এ ভূষিত করেছে।

উন্নয়ন অধিদপ্তরের মাসব্যাপী ট্রি প্রশিক্ষ মোহাম্মদপুরের তাজ হাজার ও ২৫ হাজার আত্মকর্মসংস্থান গড়া শুরু করার পর তাকে '৯৮ সালে কর্মী হে মহিলাদের নিয়ে সুম

ক্যাম্পাস কড়চা

টিএসসির পোল চত্বরে থার্টি ফার্স্ট নাইট : প্রাচ্য ছেড়ে পাশ্চাত্য উৎসব আমাদের তরুণ সমাজকে যে গ্রাস করছে তারই একটা উদাহরণ 'থার্টি ফার্স্ট নাইট'। থার্টি ফার্স্ট নাইট উদযাপন উপলক্ষে ঢাকার যে কয়টি স্থান উল্লেখযোগ্য তার মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি চত্বর ও বিশ্ববিদ্যালয় এলাকা অন্যতম। প্রতিবারের মত এ বছরও টিএসসির সামনে কয়েক হাজার তরুণ একত্রিত হয়েছিল। থার্টি ফার্স্ট নাইট উদযাপন করতে। পুলিশের কঠোরতার ফলে তরুণরা কোন উদ্বৃঙ্খলতা করতে পারেনি, তবে বোমা ও আতশবাজি পুড়িয়ে টিএসসিতে আগত তরুণরা পালন করল থার্টি ফার্স্ট নাইট।

নববর্ষের শুভেচ্ছা বিনিময় : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঈদের ছুটির পরেই আরম্ভ হয়েছে শীতকালীন ছুটি। বিশ্ববিদ্যালয় বন্ধের ফলে ১ জানুয়ারী অন্যদিনের চেয়ে ছুটির মধ্যেও ছিল

নাঙ্গলকোট ইনকিলাব তারুণ্যের প্র

সাহিত্য প্রতিযোগিতার বিভিন্ন শাখায় পুরস্কার পেলেন ১৫ জন তরুণ সাহিত্যকর্মী। গত ২০ ডিসেম্বর কুমিল্লা নাঙ্গলকোট হাছান মেমোরিয়াল ডিগ্রী কলেজ মিলনায়তনে ইনকিলাব তারুণ্য নাঙ্গলকোট থানা শাখার প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ইনকিলাব তারুণ্য নাঙ্গলকোট থানা শাখার সভাপতি মুঃ ওবায়দুল হকের সভাপতিত্বে এক বিশাল সংবর্ধনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট রম্য লেখক ও জাতীয়তাবাদী মুক্তিযুদ্ধের প্রজন্মের কেন্দ্রীয় সভাপতি জনাব ছিলেন বিশিষ্ট গল্পকার ও দৈনিক সংগ্রামের সাব এডিটর শরীফ আব্দুল গোফরান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নাঙ্গলকোট থানা শাখার বিএনপির সহ-সভাপতি মিয়া মুঃ ইদ্রিছ, এসএম আমিনুল হক মাওলা, বিএনপি নেতা জাহাঙ্গীর আলম, থানের শীর্ষ সংগঠনের সভাপতি শামসুদ্দিন দিনার, মাওলানা ইয়াছিন, মাওলানা আবু জাফর প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে আমন্ত্রিত অতিথিবৃন্দকে ফুলের তোড়া ও রজনীগন্ধার স্টিকার প্রদান করে সংবর্ধনা দিয়ে বরণ করে নেয়া হয়। অনুষ্ঠানের প্রধান অতিথিকে ইনকিলাব